



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা
সভা শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরামের নির্বাহী কমিটির মতবিনিময় সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. এম. আসলাম আলম, চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
স্থান : কর্তৃপক্ষের সভাকক্ষ - ১
সভার তারিখ : ১৩ মার্চ ২০২৫
সময় : বেলা ১২:০০ ঘটিকা

১.০ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরামের নবনির্বাচিত নির্বাহী কমিটির সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরামের নবনির্বাচিত নির্বাহী কমিটির ১৭(সতেরো) জন সদস্য উপস্থিত ছিলেন। সভাপতি সকলের সাথে পরিচিতি পর্ব শেষে বীমা খাতের বর্তমান পরিস্থিতিসহ বিভিন্ন বিষয় তুলে ধরেন।

২.০ সভাপতি বলেন বীমা খাতকে গভীর সমস্যা থেকে উত্তরণের নিমিত্ত বীমাখাত নিয়ন্ত্রক ও বীমাকারীসহ সকল অংশীজনের সম্মিলিত প্রচেষ্টা অপরিহার্য। এক্ষেত্রে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম (বি আই এফ) এর সম্মিলিতভাবে কাজ করা প্রয়োজন। সভাপতি আরও বলেন, বৃহৎ পরিসরে কমিটির সকল সদস্যদের নিয়ে সভা আয়োজন সর্বদা সুবিধাজনক না হওয়ায়, প্রয়োজনে সময়ে সময়ে বিআইএফ এর কমিটির প্রতিনিধিদের সাথে বৈঠক করা যেতে পারে।

৩.০ সদস্যগণের বক্তব্যের পর বিআইএফ এর নব-নির্বাচিত প্রেসিডেন্ট জনাব বি এম ইউসুফ আলী, বিআইএফ এর নবনির্বাচিত কমিটিকে সাদরে গ্রহণ করার জন্য সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা সেক্টরের রক্ষাকবচ; এক্ষেত্রে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে সেক্টরের অসঙ্গতিসমূহ দূর করার নিমিত্ত সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করতে হবে এবং এই সকল প্রচেষ্টায় বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম সর্বাঙ্গিক সহযোগিতা করবে। তিনি আরও বলেন, বর্তমানে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ দ্রুতগতিতে কাজ করছে বিধায় বীমা কোম্পানীগুলোকেও কাজের জবাবদিহিতা নিশ্চিত করতে হচ্ছে এবং সকল তথ্যাদি হালনাগাদ রাখতে হচ্ছে যা সেক্টরের জন্য ইতিবাচক। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের এরূপ তদারকি বজায় থাকলে সেক্টরের উন্নতি আশাব্যঞ্জক হবে এরূপ আশাবাদ ব্যক্ত করেন।

৪.০ বিআইএফ এর নবনির্বাচিত সদস্যরা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্যবৃন্দ এবং চেয়ারম্যান মহোদয়কে ফুল প্রদানের মাধ্যমে শুভেচ্ছা বিনিময় করেন।

৫.০ বীমা খাতের উন্নয়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. এম আসলাম আলম
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ৫৩.০৩.০০০০.০০০.০১৬.০৬.০০০২.২৫. ৩২

তারিখ: ০৭/০৫/২০২৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি/কার্যার্থে

১. নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
২. পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৩. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম।
৪. চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।


দ্বিতীয়া সুলতানা মীম
সহকারী পরিচালক (সভা)